6570

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 4 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 8 ......

মাদ্রাসা ছাত্র ফেডারেশন

# ৮ আগস্ট প্রধানমন্ত্রীর সচিবালয় ঘেরাও সফল করার আহবান

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ভারতীয় সেবাদাস আওয়ামী সরকার কর্তৃক দেশের মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশন আগামী ৮ আগস্ট প্রধানমন্ত্রীর সচিবালয় ঘেরাও করার যে কর্মসূচী ঘোষণা করেছে তা সফল করার লক্ষ্যে ফেডারেশনের নেতৃবৃন্দ গতকাল তালামীযে ইসলামিয়ার কেন্দ্রীয় কার্যালয়ে এক যৌথ সভায় মিলিত হন। যৌথ সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর কেন্দ্রীয় সভাপতি মুফতি মোঃ ইলিয়াস, সহসভাপতি এস এম আবু তাহের, মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের আহবায়ক জনাব আবদুর রহমান, তালামীযে ইসলামিয়ার সহসাধারণ সম্পাদক নবীদ আহমেদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন মাদ্রাসা ছাত্র সংগ্রাম পরিষদের সভাপতি জনাব রেজাউল হক (রেজা), ইসলামী ছাত্র মজলিসের প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক জনাব রুহুল আমীন সাদী, ইসলামী ছাত্র সমাজের সভাপতি এইচ এম আবু তাহের খান ও সাধারণ সম্পাদক জনাব আজিজুল হক ইসলামাবাদী।

সভায় নেতৃবৃন্দ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, যতক্ষণ পর্যন্ত সরকার মাদ্রাসা শিক্ষা নিয়ে ষড়যন্ত্র বন্ধ না করবে এবং মাদ্রাসা শিক্ষার সাথে সকল বৈষম্য দূর করার জন্য মাদ্রাসা শিক্ষিতদের ন্যায্য দাবী মেনে না নেবে ততক্ষণ পর্যন্ত ছাত্র সমাজ রাজপথ ছেড়ে যাবে না। প্রয়োজনে মাদ্রাসা শিক্ষার স্বার্থে ছাত্র সমাজ শহীদ হতে প্রস্তুত থাকবে।

সভায় অবিলম্বে স্বীকৃতি প্রত্যাহারকৃত মাদ্রাসাসমূহের স্বীকৃতি পুনরায় প্রদান করে বেতন ভাতা প্রদান, মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক মন্ত্রণালয়, অধিদপ্তর জাতীয় আরবী ইসলামী বিশ্ববিদ্যালয়, মাদ্রাসা টেকস্টবুক বোর্ড গঠন, সকল এবতেদায়ী মাদ্রাসাকে প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় সকল সুযোগ-সুবিধা প্রদান, শিক্ষা বৃত্তি, চাকুরীর সর্বস্তরে ফাজিলকে ডিগ্রী এবং কামিলকে মাস্টার্স মান প্রদানসহ মাদ্রাসা শিক্ষিতদের সকল দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান হয়। সভায় আগামী ৮ আগস্টের প্রধানমন্ত্রীর সচিবালয় ঘেরাও কর্মসূচীকে সফল করার জন্য সর্বস্তরের মাদ্রাসার ছাত্র, শিক্ষক এবং ঈমানদার ভাইদের প্রতি উদাত্ত আহবান জানানো হয়।